# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৩০

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৪. তৃতীয় অনুচ্ছেদ - সুদ

## আরবী

وَعَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ إِنَّ آخِرَ مَا نَزَلَتْ آيَةُ الرِّبَا وَإِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قُبِضَ وَلَمْ يُفَسِّرْهَا لَنَا فَدَعُوا الرِّبَا وَالرِّيبَةَ. رَوَاهُ ابْن مَاجَه والدارمي

## বাংলা

২৮৩০-[২৪] ’উমার ইবনুল খত্ত্বাব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, সুদ হারাম হওয়ার আয়াতই (কুরআন মাজীদের) সর্বশেষ আয়াত। আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ইন্তেকাল হয়ে গেছে অথচ সুদের পরিপূর্ণ বর্ণনা তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমাদের কাছে (স্পষ্ট করে) রেখে যাননি। সুতরাং কুরআন সুন্নাহ্’য় বর্ণিত সুদ এবং যে সব ক্ষেত্রে সুদের কোনো প্রকার সন্দেহের সৃষ্টি হয়, তাও বর্জন করবে। (ইবনু মাজাহ, দারামী)[1]

## ফুটনোট

[1] হাসান : ইবনু মাজাহ ২২৭৬, আহমাদ ২৪৬।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِنَّ اٰخِرَ مَا نَزَلَتْ اٰيَةُ الرِّبَا) ‘‘সর্বশেষ নাযিলকৃত আয়াত হলো সুদ সম্পর্কে নাযিলকৃত আয়াত’’ অর্থাৎ লেনদেন সম্পর্কীয় বিধান সম্বলিত নাযিলকৃত আয়াতের মধ্যে সর্বশেষ নাযিলকৃত আয়াত হলো সুদ সম্পর্কিত আয়াত। কেননা সাধারণভাবে নাযিলকৃত সর্বশেষ আয়াত হলো সূরা আল মায়িদাহ্ ৩ নং আয়াত- اَلْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ

(وَإِنَّ رَسُوْلَ اللّٰهِ ﷺ قُبِضَ وَلَمْ يُفَسِّرْهَا لَنَا) ‘‘সুদ সম্পর্কিত আয়াত নাযিল হওয়ার পর তা আমাদের জন্য তাফসীর না করেই রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মৃত্যুবরণ করেছেন।’’ ‘আল্লামা ত্বীবী (রহঃ) বলেনঃ সুদ সম্পর্কিত সর্বশেষ নাযিলকৃত আয়াতটি হলো সূরা আল বাকারার ২৭৫ হতে ২৭৯ নং আয়াত- الَّذِينَ يَأْكُلُونَ الرِّبَا ..... لَا تَظْلِمُونَ وَلَا تُظْلَمُونَ আয়াতটির অর্থ সুস্পষ্ট এজন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কোনো ব্যাখ্যা

করেননি।

(فَدَعُوا الرِّبَا وَالرِّيبَةَ) “তোমরা সুদ ও সন্দেহ পরিত্যাগ কর” অর্থাৎ সুদ সম্পর্কিত আয়াত অনুসারে তোমরা কর্ম পরিচালনা কর। এতে তোমরা কোনো প্রকার সন্দেহ পোষণ করো না এবং সুদ হালাল করার জন্য কোনো প্রকার বাহানার আশ্রয় গ্রহণ করো না। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68157

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন